# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

### Bengali Text Bulletin

**Date 08-10-2025** **Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) ভোটার তালিকার বিশেষ নীবিড় পর্যালোচনা এস আই আর-এর প্রস্তুতিতে এরাজ্যে ভোটার তালিকা ম্যাপিং-এর কাজ দ্রুত শেষ করতে বলেছে নির্বাচন কমিশন।

২) প্রাকৃতিক দুর্যোগে বিপর্যস্ত উত্তরবঙ্গ সফর শেষে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ কলকাতায় ফিরেছেন। বিধ্বস্ত এলাকাগুলিতে চলছে ত্রাণ বন্টনের কাজ।

বন্যা নিয়ন্ত্রণে রাজ্যের জন্য ১২-শো কোটি টাকার বেশি বরাদ্দ করেছে কেন্দ্রীয় সরকার।

৩) সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু আজও দার্জিলিং-এর ক্ষতিগ্রস্ত এলাকা পরিদর্শন করেছেন।

৪) বিজেপি সাংসদ খগেন মুর্মুর ওপর আক্রমণের ঘটনায় রাজ্য সরকারের কাছে রিপোর্ট তলব জাতীয় তপশিলি উপজাতি কমিশনের ।

৫) ২০১৬ সালে চাকরি বাতিল হওয়া অযোগ্যদের তালিকা ফের প্রকাশ করতে নির্দেশ দিয়েছে সুপ্রিম কোর্ট।

৬) ১২৫-তম আই এফ এ শিল্ড ফুটবল প্রতিযোগিতার উদ্বোধনী ম্যাচে ইস্টবেঙ্গল আজ ৪-০ গোলে শ্রীনিধি ডেকান এফ সি-কে হারিয়ে দিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভোটার তালিকার বিশেষ নিবিড় পর্যালোচনা SIR এর প্রস্তুতিতে রাজ্যের ভোটার তালিকা ম্যাপিংয়ের কাজ দ্রুত শেষ করতে নির্বাচন কমিশন নির্দেশ দিয়েছে। আগামী সাত দিনের মধ্যে এই কাজ শেষ করার নির্দেশ দেওয়া হয়েছে বলে কমিশন সূত্রে জানা গেছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরে আজ উত্তরবঙ্গের পাঁচ জেলা বাদে বাকি সমস্ত জেলার জেলাশাসক, ERO ও AERO বৈঠকে কমিশনের সিনিয়র ডেপুটি কমিশনার জ্ঞানেশ ভারতী এবিষয়ে স্পষ্ট নির্দেশ দিয়েছেন । ২০০২ সালের ভোটার তালিকাকে ভিত্তিবর্ষ ধরে ২০২৫ সালের ভোটার তালিকার সঙ্গে ভোটারদের অস্তিত্ব যাচাইয়ের কাজ অনেক জেলাতেই মন্থর গতিতে চলছে বলে জানা গেছে। এই কাজে দেরি হচ্ছে কেন তা নিয়ে এদিনের বৈঠকে প্রশ্ন তোলা হয়েছে। কমিশনের তথ্যপ্রযুক্তি বিভাগের ডিজি সীমা খান্না বৈঠকে স্পষ্ট জানান, বিএলওদের প্রযুক্তি নির্ভরতা এখনও সন্তোষজনক নয়। দ্রুত প্রশিক্ষণ শেষ করার নির্দেশ দিয়েছেন তিনি। প্রয়োজনে ক্লাস্টারভিত্তিক প্রশিক্ষণ চালুর পরামর্শও দেন। রাজ্য সিইও দফতরে মূল বৈঠক শেষ করে কমিশনের প্রতিনিধিরা এদিন উত্তর ২৪ পরগনার রাজারহাট জেলা পরিষদ ভবনে রাজারহাট-গোপালপুর ও রাজারহাট-নিউটাউন বিধানসভার নির্বাচন কর্মীদের সঙ্গে বৈঠক করেন। এরপর জেলা শাসকের দফতরেও ইআরও ও এইআরওদের সঙ্গে পৃথক বৈঠক হয়।

উৎসবের মধ্যে SIR-এর কাজ দ্রুততার সঙ্গে কিভাবে সম্পন্ন করা যাবে সেই প্রশ্ন তুলেছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। নির্বাচন কমিশনের বিরুদ্ধে, কেন্দ্রের শাসক দলের হয়ে কাজ করার অভিযোগ করেন তিনি।

ooooooooooooooooooooooooo

২০২৬-এর রাজ্য বিধানসভার নির্বাচনকে সামনে রেখে কংগ্রেস আজ কলকাতায় বিধানসভা ভিত্তিক বুথ লেভেল এজেন্টদের নিয়ে একটি কর্মশালার আয়োজন করে। প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার, পশ্চিমবঙ্গের দায়িত্বপ্রাপ্ত

পর্যবেক্ষক গোলাম আহমেদ মীর, প্রাক্তন সাংসদ প্রদীপ ভট্টাচার্য প্রমুখ কর্মশালায় বক্তব্য রাখেন।

oooooooooooooooooooooooooo

প্রাকৃতিক দুর্যোগে বিপর্যস্ত উত্তরবঙ্গের সফর সেরে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ কলকাতা ফিরেছেন। বিমানবন্দরে তিনি সাংবাদিকদের বলেন, রাজ্য সরকারের পক্ষ থেকে পর্যটকদের নিরাপদে ফিরিয়ে আনতে যাবতীয় উদ্যোগ নেওয়া হয়েছে।

এদিকে, বিধ্বস্ত মিরিক, নাগরাকাটা সহ দার্জিলিং –এর বিস্তীর্ণ এলাকায় আজও চলছে পরিস্থিতি মোকাবিলার প্রয়াস।

oooooooooooooooooooooooooo

সংসদ বিষয়ক মন্ত্রী কিরেণ রিজিজু আজও দার্জিলিং-এর ক্ষতিগ্রস্ত এলাকা পরিদর্শন করেন। পাশাপাশি স্থানীয়দের সঙ্গেও কথা বলেন তিনি। তাঁর সঙ্গে উপস্থিত ছিলেন, সাংসদ রাজু বিস্তা।

বিজেপি নিয়ন্ত্রণাধীন পঞ্চায়েতগুলিতে প্রধানদের হাতে প্রশাসনের তরফে কোনরকম ত্রাণ সহায়তা দেওয়া হচ্ছে না বলে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার অভিযোগ করেছেন। আজ উত্তরবঙ্গে বন্যা কবলিত বিভিন্ন এলাকা পরিদর্শনের পাশাপাশি ত্রাণ সামগ্রী বন্টন করেন তিনি। পরে সাংবাদিকদের কাছে শ্রী মজুমদার বলেন, শুধুমাত্র শাসক দলের সদস্যদের ত্রাণ সামগ্রী দেওয়া হচ্ছে।

(বাইট – সুকান্ত)

বিজেপি ক্ষতিগ্রস্ত এলাকাগুলিতে রান্না করা এবং শুকনো খাবার বিতরণ করছে বলেও তিনি জানান।

নাগরাকাটায় দলীয় সাংসদ ও বিধায়কদের ওপর আক্রমণের তীব্র নিন্দা করে সুকান্তবাবু বলেন, পুলিশ অবিলম্বে অভিযুক্তদের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা না নিলে আগামী এক মাসের মধ্যে তাদের বিরুদ্ধে পদক্ষেপ নেওয়া হবে।

শ্রী মজুমদার আজ শিলিগুড়িতে আহত সাংসদ খগেন মুর্মূ এবং বিধায়ক শঙ্কর ঘোষকে দেখতে হাসপাতালে যান।

এদিকে, উত্তরবঙ্গের চার জেলায় সাম্প্রতিক বিপর্যয়ে মৃতের সংখ্যা বেড়ে ৩১ হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তরবঙ্গের নাগরাকাটায় বিজেপির জনপ্রতিনিধিদের উপর হামলার ঘটনায় উদ্বিগ্ন রাজ্যপাল সিভি আনন্দ বোস আজ দিল্লিতে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর সঙ্গে সাক্ষাৎ করেন। ওই ঘটনার পাশাপাশি রাজ্যের সামগ্রিক পরিস্থিতি নিয়ে রাষ্ট্রপতির সঙ্গে তাঁর কথা হয়েছে বলে তিনি জানিয়েছেন। উত্তরবঙ্গ থেকে দিল্লি গিয়ে রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাতের পর সাংবাদিক বৈঠক করে রাজ্যপাল বলেন, পশ্চিমবঙ্গে যে একাধিক জায়গায় গুন্ডারাজ চলছে তা পরিষ্কার। এই পরিস্থিতি চলতে দেওয়া যায় না। সংবিধানকে অস্ত্র হিসেবে ব্যবহারের কথাও বলেন তিনি।

(বাইট- রাজ্যপাল)

তবে শ্রী বোস জানিয়েছেন, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির সঙ্গে তাঁর পেশাদার সম্পর্ক অটুট রয়েছে। তাঁর প্রতি শ্রদ্ধাও আছে, যোগাযোগ বন্ধ হয়নি। কিন্তু গোটা রাজ্যের বিভিন্ন জায়গায় যা ঘটছে তাতে তিনি সন্তুষ্ট নন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তরবঙ্গের নাগরাকাটায় বিজেপি সাংসদ খগেন মুর্মূর ওপর আক্রমণের ঘটনায় জাতীয় তপশিলি উপজাতি কমিশন রাজ্য সরকারের কাছে রিপোর্ট তলব করেছে। কমিশনের তরফে রাজ্য পুলিশের ডিজি রাজীব কুমার এবং জলপাইগুড়ির পুলিশ সুপারকে চিঠি লিখে আগামীকালের মধ্যে ঘটনার বিস্তারিত তথ্য জানিয়ে রিপোর্ট পাঠাতে বলা হয়েছে। এই ঘটনায় ২ জনকে গ্রেফতার করা হয়েছে বলে সূত্রের খবর।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বন্যা নিয়ন্ত্রণে কেন্দ্রীয় সরকার রাজ্যের জন্য ১২-শো কোটি টাকার বেশি বরাদ্দ করেছে। বন্যা নিয়ন্ত্রণ ছাড়াও সীমান্ত এলাকা উন্নয়ন কর্মসূচীর আওতায় এই ১ হাজার ২৯০ কোটি টাকা কাজে লাগানো হবে বলে কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রকের তরফে রাজ্য সরকারকে জানানো হয়েছে। পাশাপাশি নদী ভাঙন, পলি জমা, বন্যা সংক্রান্ত বিষয়ে ভারত সরকার ভূটানের কর্তৃপক্ষের সঙ্গে যৌথাভাবে কাজ করছে বলেও জানিয়েছে মন্ত্রক।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পণ্য পরিষেবা করের হারে পরিবর্তনের ফলে সরাসরি উপকৃত হচ্ছেন বাংলার কারিগর, কৃষক এবং ক্ষুদ্র উদ্যোক্তারা।

**একটি প্রতিবেদন –**

**(ভয়েসকাস্ট – কাশফিন)**

০০০০০০০০০০০০০০০০০০০০০০

২০১৬ সালে চাকরি বাতিল হওয়া অযোগ্য তালিকা ফের প্রকাশ করতে নির্দেশ দিয়েছে সুপ্রিম কোর্ট। বিচারপতি সঞ্জয় কুমার এবং বিচারপতি এন ভি আনজারিয়ার বেঞ্চ এদিন ফের স্পষ্ট জানিয়েছেন, অযোগ্যদের যে তালিকা প্রকাশ করা হয়েছিল, তা স্পষ্ট নয়। বিস্তারিত আকারে সেই তালিকা ফের প্রকাশ করতে হবে স্কুল সার্ভিস কমিশনকে। সেখানে বিষয় এবং সংরক্ষণ ভিত্তিক তথ্যও থাকতে হবে।

উল্লেখ্য, সুপ্রিম কোর্টের নির্দেশে গত অগাষ্ট মাসে এস এস সি অযোগ্য শিক্ষকদের তালিকা প্রকাশ করে। মোট ১ হাজার ৮০৬ জনের নাম সেই তালিকায় ছিল। কিন্তু এই তালিকাতে অস্বচ্ছতা রয়েছে বলে অভিযোগ তুলে কয়েকজন স্কুল সার্ভিস কমিশনের দ্বারস্থ হয়। তবে, আদালতের নির্দেশে নতুন পরীক্ষার ফল প্রকাশে কোন প্রভাব পড়বে না বলে জানানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর ২৪ পরগনার বরানগরে স্বর্ণ ব্যবসায়ী খুনের ঘটনায় আরও দু-জনকে গ্রেফতার করেছে পুলিশ। ধৃত চন্দন ও প্রিন্সকে ঝাড়খন্ড থেকে পাকড়াও করা হয়। আজ তাদের ব্যারাকপুর আদালতে তোলা হলে ৭ দিনের পুলিশ হেফাজত হয়েছে। এই ঘটনায় মোট ৫ জন গ্রেফতার হলো। কিছু পরিমাণ সোনা উদ্ধার হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ বাংলাদেশ এবং সংলগ্ন এলাকায় তৈরি ঘূর্ণাবর্ত এবং রাজ্যে বর্ষা সক্রিয় থাকায় আগামী দু-তিন দিন দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই বজ্রবিদ্যুৎ সহ বিক্ষিপ্ত বৃষ্টির সম্ভাবনা রয়েছে। আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন আগামী ২৪ ঘন্টায় উত্তরবঙ্গের দার্জিলিং জলপাইগুড়ি মালদা উত্তর ও দক্ষিণ দিনাজপুর জেলায় দমকা হাওয়া ও বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে। অন্যদিকে আগামী ১০ তারিখে উত্তর বঙ্গোপসাগরে আরো একটি ঘূর্ণাবর্ত তৈরির সম্ভাবনা রয়েছে

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

১২৫ তম আইএফএ শিল্ড ফুটবল প্রতিযোগীতা আজ শুরু হয়েছে। কল্যাণী স্টেডিয়ামে উদ্বোধনী ম্যাচে ইস্টবেঙ্গল ৪-০ গোলে শ্রীনিধী ডেকান এফ সি, কে হারিয়ে দিয়েছে। বিরতিতে ইস্টবেঙ্গল ২-০ গোলে এগিয়ে ছিল। ইস্টবেঙ্গলের পক্ষে জয় গুপ্ত, সল ক্রেসপো, হামিদ আহাদাদ, জিকসন সিং গোল করেছেন।

মোহনবাগান সুপার জায়ান্ট আগামীকাল আইএফএ শিল্ড অভিযান শুরু করবে। প্রতিপক্ষ গোকুলাম কেরালা এফ সি। কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে বিকেল তিনটেয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বাংলা ,উত্তরাখণ্ডের বিরূদ্ধে ম্যাচ দিয়ে এবারের রঞ্জি ট্রফি অভিযান শুরু করবে। ইডেনে চারদিনের ম্যাচটি শুরু হবে ১৫ই অক্টোবর। সল্ট লেকের যাদবপুর

বিশ্ববিদ্যালয়ের মাঠে বাংলা দলের এখন প্রস্তুতি চলছে। ভারতের প্রাক্তন অধিনায়ক, সিএবি সভাপতি সৌরভ গাঙ্গুলি আজ বাংলা দলের অনুশীলনে গিয়ে ক্রিকেটারদের উৎসাহিত করেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০